

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর, যশোর।
abhaynagar.jessore.gov.bd

স্মারক সংখ্যাঃ ০৫.৪৪.৪১০৪.৬৪৯.০১৮.০৬.০২৩.২৬- ১৪৭

তারিখঃ ১৯/০২/২০২৬ খ্রিঃ

প্রশিক্ষণের বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে উপজেলা প্রশাসন এবং উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, অভয়নগর, যশোর এর আয়োজনে উপজেলা ২০২৪-২০২৫ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় উপজেলা পর্যায়ে “অনলাইনে আয়বর্ধনমূলক ফ্রিল্যান্সিং” বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

বিজ্ঞপ্তির ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাবলী	১৯.০২.২০২৬ খ্রিঃ তারিখে বয়স
১	অনলাইনে আয়বর্ধনমূলক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ	এস.এস.সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	১। আবেদনকারীকে অবশ্যই অভয়নগর উপজেলার বাসিন্দা হতে হবে। ২। বেসিক আইসিটি, ইন্টানেট ব্রাউজিং দক্ষতা এবং ফটোশপের দক্ষতাকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে। ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণে ইচ্ছুক এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। ৪। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ, মাশিটপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।	সর্বোচ্চ ৩৫ বছর

প্রশিক্ষণার্থীর সংখ্যা	আবেদন জমার শেষ তারিখ ও সময়	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	প্রশিক্ষণের তারিখ	প্রশিক্ষণের সময়	প্রশিক্ষণের স্থান
২০ জন	০৩/০৩/২০২৬ খ্রিঃ বিকাল ০৩:৩০ টা	০৪/০৩/২০২৬ খ্রিঃ সকাল ০৯:৩০ টা	০৫/০৩/২০২৬ খ্রিঃ হতে ১৪/০৩/২০২৬ খ্রিঃ পর্যন্ত	সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	আইসিটিডি ডিজিটাল ল্যাব নওয়াপাড়া শংকরপাশা সরকারি মাধ্যমিক বিদ্যালয়

নির্দেশনাবলিঃ

- আবেদনকারীকে উপজেলা প্রশাসন এবং উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, অভয়নগর, যশোর এর ওয়েবসাইট (abhaynagar.jessore.gov.bd ও doict.abhaynagar.jessore.gov.bd) হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে কম্পিউটার কম্পোজ/হাতে লিখে স্বাক্ষরসহ সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজ রঞ্জিন ছবি (ছবির পিছনে নামসহ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং স্থানীয় চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের কপি সংযুক্ত করে আগামী ০৩/০৩/২০২৬ খ্রিঃ তারিখে বিকাল ৩.৩০ টার মধ্যে উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ে হাতে হাতে প্রেরণ করতে হবে। উল্লিখিত সময়ের পরে আরকোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।
- মৌখিক পরীক্ষা উক্ত সময়ানুযায়ী উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, অভয়নগর, যশোরে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল মূল সনদ পত্র নিয়ে আসতে হবে। মৌখিক পরীক্ষা শেষে ০৪/০৩/২০২৬ খ্রিঃ তারিখেই ফলাফল জানানো হবে।
- প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট ও বিধি অনুযায়ী সম্মানী প্রদান করা হবে।
- কোনো প্রশিক্ষণার্থীদের যাতায়াত/খোরাকী বাবদ ভাতা প্রদান করা হবে না।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



শেখ সালাউদ্দীন দিপু
উপজেলা নির্বাহী অফিসার
অভয়নগর, যশোর